গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**জুরাছড়ি উপজেলা অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি : জনাব সুরেশ কুমার চাকমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাঙ্গামাটি।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ২৩.১০.২০২৩ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠ ও সুচারুরূপে সম্পাদন করার জন্য উপজেলার সকল বিভাগের কর্মকর্তাদের সহযোগিতা কামনা করেন। এরপর তিনি উপজেলা নির্বাহী অফিসার জনাব মোহাম্মদ রহমত উল্লাহ কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর গত মাসের কার্যবিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভায় বিভাগওয়ারি নিম্নরূপভাবে আলোচনা করা হয়। আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মাসিক সমন্বয় সভায় অনুমোদিত ৪৪ টি প্রকল্পের মধ্যে ক্রমিক নং ১০ ও ৩১ এ প্রকল্পগুলি সংশোধনের জন্য সভায় উপস্থাপন করেন এবং প্রস্তাবিত উপজেলা শিল্প কলা একাডেমি জায়গায় মাটি ভরত করার জন্য একটি ব্রীক ওয়াল নির্মাণ প্রকল্পটি ভূল ক্রমে তালিকা থেকে বাদ পড়ায় তাহা অন্তর্ভূক্ত করার প্রস্তাব করেন।<br>ক) ক্রমিক নং ১০ লুলাংছড়ি এইচবিবি রাস্তা হতে কুসুমছড়ি মৌজার হেডম্যান পাড়া পর্যন্ত রাস্তা আরসিসি করণ- ১০,০০,০০০/-<br>খ) ক্রমিক নং ৩১ ফকিরাছড়ি বাজার সংলগ্ন কৃষি সেচ ও মৎস্য বাধের ৭০ ফুট আরসিসি ড্রেইন নির্মাণ - ১০,০০,০০০/-<br>গ) ক্রমিক নং ৪৫ শিল্প কলা একাডেমি জায়গার মাটি ভরত করণের জন্য ব্রীক ওয়াল নির্মাণ- ১০,০০,০০০/-<br>১৬ টি প্রকল্পের অনুকূলে ১ম কিস্তি অগ্রীম ছাড়করণ করা হয়েছে। দ্বিতীয় কিস্তি বরাদ্দ পাওয়া গেলে টেন্ডার প্রক্রিয়ার কাজ শুরু করা হবে। চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়িত বাস্তবায়নাধীন ৩৬টি বিদ্যালয়ের মধ্যে ২৯টি বিদ্যালয়ের নির্মাণ কাজ শেষ হয়েছে। বাকী ৭টি বিদ্যালয়ের কাজ চলছে। উপজেলা কমপ্লেক্স ভবন ও সম্প্রসারন ও হলরুম নির্মাণ (২য় পর্যায়) এর আওতায় বাস্তবায়নাধীন জুরাছড়ি উপজেলা প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজটি দ্রুতভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী এ ব্যাপারে বিশদভাবে আলোচনা ও পর্যালোচনা করে ক্রমিক নং ১০ প্রকল্পটি টেন্ডারের মাধ্যমে ও ক্রমিক নং ৩১ ও বাদ পড়া ৪৫ নং প্রকল্প ২টি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান / উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, জুরাছড়ি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)। |
| ২। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপসহকারী প্রকৌশলীর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাদের বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা সম্ভব হলো না। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আগামীতে সভায় নিয়মিত উপস্থিত থাকবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য কমিটি ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, জুরাছড়ি। |
| ৩। **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় তাদের বিভাগের কার্যক্রম সম্পর্কে তুলে ধরেন। জুরাছড়ি উপজেলায় আমন আবাদের লক্ষ্যমাত্রা ৫০৪ হেক্টর। তন্মধ্যে হাইব্রিড ২০৬ হেক্টর ও উফসী ২৯৮ হেক্টর। বীজ সংগ্রহের কাজ চলছে। ২০২৩-২০২৪ অর্থবছরে রবি/২০২৩ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় বোরো ধান -২টি, সরিষা-৬টি, চিনাবাদাম-৪টি ও পেঁয়াজ-১টি প্রদর্শনী বরাদ্দ পাওয়া যায়। ২০২৩-২০২৪ অর্থবছরে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ২টি মাচায় সবজি চাষ ও ১টি জমি কম্পোট প্রদর্শনী বরাদ্দ পাওয়া গেছে। ২০২৩-২০২৪ অর্থবছরে রবি প্রণোদনা কর্মসূচীর আওতায় বীজ ও সার বরাদ্দ পাওয়া সাপেক্ষে বিতরণ করা হবে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ও উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা নিয়মিত মাঠ পরিদর্শন করছেন। সারের মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিজ নিজ ব্লকের মাঠে গিয়ে কৃষকদেরকে প্রয়োজনীয় সহযোগিতা করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জুরাছড়ি। |
| ৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিবার পরিকল্পনা কর্মকতার প্রতিনিধি সভায় তাদের অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের কার্যক্রম তুলে ধরেন।<br>(ক) অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসে জুরাছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম | স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কার্যক্রম সন্তোষজনক, এ ধারা অব্যাহত রাখার জন্য মাঠ পর্যায়ের | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জুরাছড়ি |

স্বাভাবিক ছিল। অত্র উপজেলায় মহামারী, প্রাদুর্ভাব, প্রাকৃতিক দুর্যোগ এরূপ কোন রকম অঘটন ঘটে নাই এবং মহামারী সহ অতিবৃষ্টি, বন্যা বা প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য ৪টি মেডিকেল টীম সার্বক্ষণিক প্রস্তুত আছে।

**(খ) হাসপাতালের বহিঃ বিভাগ ও আন্তঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ছিল ।**

| বিভাগ | মাসের নাম | | | বেড অকুপেন্সি রেট | | |
|---|---|---|---|---|---|---|
| | আগষ্ট' ২৩ | সেপ্টেম্বর' ২৩ | অক্টোবর'২৩ | আগষ্ট'২৩ | সেপ্টেম্বর' ২৩ | অক্টোবর' ২৩ |
| বহিঃ বিভাগ | ৮১২ | ৭৩৮ | ৮২৬ | - | - | - |
| আন্তঃ বিভাগ | ৬২ | ৮২ | ৪৬ | ৬৮.৩৮% | ৭২.৩৪% | ৪৩.৮৭% |
| জরুরী বিভাগ | ৮০ | ১০৩ | ১০৮ | - | - | - |
| উপ-স্বাস্থ্য কেন্দ্র | ১০৮ | ৯৩ | ৮৯ | - | - | - |
| কমিউনিটি ক্লিনিক | ১১৪২ | ১০৭৬ | ৯১৮ | - | - | - |

**(গ) মাঠ পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবাঃ**

| বিবরণ | আগষ্ট'২৩ | সেপ্টেম্বর'২৩ | অক্টোবর'২৩ |
|---|---|---|---|
| মা ও শিশুর চিকিৎসা সেবা | ৪৪ | ৫৭ | ৩৯ |
| নবজাতকের জন্ম নিবন্ধন | ৪৪ | ৫৭ | ৩৯ |
| গর্ভবতী রেজিস্ট্রেশন | ৪৭ | ৪৩ | ৪০ |
| সিএসবি এ দ্বারা গর্ভবতী রেজিস্ট্রেশন | ৩২ | ৪২ | ২৬ |
| সিএসবি এ দ্বারা ডেলিভারী | ৭ | ৯ | ২+১=৩ |
| মাতৃ ও শিশুমৃত্যু | নাই | নাই | নাই |
| হাসপাতাল ও সিসিতে ডেলিভারী | ৩+১=৪ | ৫+১=৬ | ২+১+৩=৬ |

**(ঘ)ইপিআই কার্যক্রমঃ**

| ০-১১ বছর বয়সী শিশু | | | সাধারণ মহিলা | | | গর্ভবতী মহিলা | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| টিকার নাম | সেপ্টে' ২৩ | অক্টো'২ ৩ | টিকার নাম | সেপ্টে' ২৩ | অক্টো' ২৩ | টিকার নাম | সেপ্টে' ২৩ | অক্টো' ২৩ |
| বিসিজি | ৪৬ | ৪৭ | TT1 | ৩৪ | ৩৪ | TT1 | ৫ | ৩ |
| ওপিভি১ ও পেন্টা ১ | ৪৬ | ৪৭ | TT2 | ৪৬ | ৩৯ | TT2 | ১ | ৪ |
| ওপিভি২ ও পেন্টা২ | ৪৩ | ৪৭ | TT3 | ৪৫ | ৪১ | TT3 | ০ | ২ |
| ওপিভি৩ ও পেন্টা৩ | ৫৬ | ৪২ | TT4 | ৪০ | ৪৭ | TT4 | ০ | ৩ |
| ওপিভি ১ | ৪৬ | ৪৭ | TT5 | ৩৮ | ৫০ | TT4 | ০ | ৩ |
| এমআর | ৪৬ | ৪৭ | MR | ৫৩ | ৫ | | | |
| আইপিভি | ৫৬ | ৪৭ | | | | | | |
| পিসিভি | ৪৬ | ৪৭ | | | | | | |

**(ঙ) ম্যালেরিয়া ও ডায়রিয়া রোগ নিয়ন্ত্রণ কার্যক্রমঃ**

| বিবরণ | আগষ্ট'২৩ | সেপ্টেবর'২৩ | অক্টোবর'২৩ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ম্যালেরিয়া | ৩+১০+৪+ ২০২=২১৯ | ১+১+৩+২ ৩৬=২৪১ | ০+১+২+১ ০৪=১০৭ | ম্যালেরিয়া রোগ জনিত কোন মৃত্যু নাই। |
| ডায়রিয়া ও আমাশয় | ৬+৩+০+২ ৬=৩৫ | ৩+৫+৭+২ ২=৩৭ | ৩+৫+৭+২ ২=৩৭ | ডায়রিয়া রোগ জনিত কোন মৃত্যু নাই। |
| ARI (অনুর্দ্ধ ৫ বছর) | ২৭+১৩+৬ ৫=৪৩ | ৩১+৯+৫১ =৯১ | ৫৭+১১+৫০ =১১৮ | ARI রোগ জনিত কমিউনিটিতে মৃত্যু নাই |

(চ) সরকারি স্বাস্থ্য বিষয়ক কার্যক্রমের পাশাপাশি এনজিও ব্রাক এবং লেপ্রোসী মিশন এর স্বাস্থ্য সেবা কার্যক্রম অব্যাহত আছে।

(ছ) রোগ প্রতিরোধে মাঠকার্যে নিয়মিত স্বাস্থ্য শিক্ষা প্রদান ও পুষ্ঠিবার্তা বিভিন্ন রোগ সম্পর্কে জনগণকে সচেতন করা হচ্ছে।

(জ) জুরাছড়ি উপজেলায় যদি স্বাস্থ্য বিষয়ক কোন সমস্যা দেখা দেয় তা হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যোগাযোগ করা এবং জরুরী চিকিৎসা সেবা বা পরামর্শের জন্য ০১৫৫২১৪০৩৯৮ নম্বরে ফোন করে বিনামূল্যে চিকিৎসা সংক্রান্ত পরামর্শ নেয়ার জন্য অনুরোধ করা গেল।

(ঝ) কোভিড- ১৯ টিকা প্রদান ১ম ডোজ-২২৫১১, ২য় ডোজ- ১৭৬৮৯, ৩য় ডোজ- ৬১৭৯ এবং ৪র্থ ডোজ- ৪৩৯ ডোজ।

(ঞ) কোভিড- ১৯ সম্পর্কে জনসচেতনতা মূলক আলোচনা করা হয়।

কার্যক্রম আরো গতিশীল করার পাশাপাশি যাতে জনগণ সেবা থেকে যাতে বঞ্চিত না হয় সেই দিকে লক্ষ্য রেখে হাসপাতালে সার্বক্ষণিক দুইজন ডাক্তার নিয়োজিত থাকবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রস্তাবিত অনুষ্ঠানে মেডিক্যাল টীম প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

হাসপাতালে স্বাস্থ্য সেবাসহ পরিচ্ছন্নতা, ওষুধ সরবরাহ মজুদ রাখা, মানসম্মত খাবার পরিবেশন ও নার্সদের সার্বক্ষরিক উপস্থিত নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

চিকিৎসা ও স্বাস্থ্য বিভাগের অন্যান্য কর্মচারীদের আবাসন সুবিধা ও নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা হয়।

| | | |
|---|---|---|
| **৫। শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। দুর্গাপূজা উপলক্ষে ১৯/১০/২০২৩ হইতে ২৯/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বিদ্যালয় বন্ধ থাকবে। বাংলাদেশের অন্যান্য উপজেলা মত জুরাছড়িতে ও শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক শিক্ষকদের প্রশিক্ষণ চলছে। সকল শিক্ষক এ প্রশিক্ষণের আওতায় আসবে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জুরাছড়ি। উপজেলা প্রকৌশলী, জুরাছড়ি। |
| **৬। মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বদলীজনিত কারণে দীর্ঘ চার বছরের অধিক পদটি শূন্য রয়েছে বিধায় মানসম্মত শিক্ষা কার্যক্রমের ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। মানসম্মত শিক্ষা অর্জনের স্বার্থে অচিরেই মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পদায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পদায়নের জন্য উর্দ্ধতন কতৃপক্ষের নিকট অবহিত করার নিমিত্তে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়েকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জুরাছড়ি। |
| **৭। প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম সর্ম্পকে তুলে ধরেন। সারাদেশের ন্যায় জুরাছড়ি উপজেলায় ও পিপিআর রোগ নির্মূল টিকাদান কর্মসূচী ৩০/০৯/২০২৩ ইং হইতে ১২/১০/২০২৩ ইং পর্যন্ত বিনামূল্যে কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত কার্যক্রম সম্মানিত চেয়ারম্যান, মেম্বারগণের সহযোগীতার মাধ্যমে প্রতি ইউনিয়নে ৯টি ওয়ার্ডে ২ জন করে ভ্যাকসিনের(সেবাকর্মী) নিয়োগ দেওয়া হয়। এর মধ্যে ১নং জুরাছড়ি ইউনিয়নে ১৮ জন, ২নং বনযোগীছড়া ইউনিয়নে ১৬ জন, ৩নং মৈদং ইউনিয়নে ১৬ জন এবং ৪নং দুমদুম্যা ইউনিয়নে ১৪ জন ভ্যাকসিনেটর (সেবাকর্মী) টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়।<br>১। টিকা প্রদান :- গবাদি পশু- ৯৪৮ টি,<br>২। ছাগল/ভেড়া বিনামূল্যে বিতরন করা হয়- ১নং জুরাছড়ি- ২০৭০ টি, ২নং বনযোগীছড়া-২০০৫টি, ৩নং মৈদং- ২১৭৮ টি, ৪নং দুমদুম্যা-২৪৭৫টি<br>৩। হাঁস মুরগী- ১১৫০০ টি<br>৪। চিকিৎসা- গবাদি পশু- ১২৫০ টি, হাঁসমুরগী- ১৫৮০ টি, পোষা প্রানি- ৫টি | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রতিনিধি সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। টিআর কাবিখা/কাবিটা (১ম পর্যায়) ১ম কিস্তি ছাড় করণ করা হয়েছে। ৫০% ছাড়করণ করা হয়েছে এবং ৫০% মজুদ আছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুরাছড়ি। |
| **৯। যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম সর্ম্পকে তুলে ধরেন।<br>১। প্রধান কার্যালয় হতে প্রাপ্ত তহবিল মোট = ২১,৭১,৮০০/-<br>২। ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ(ঘূণায়মান তহবিল) = ৯০,৪০,৪০০/-<br>৩। ক্রমপুঞ্জিত যুব ঋণ আদায়কৃত = ৫৬,১০,৫৮১/-<br>৪। ক্রমপুঞ্জিত যুব ঋণ খেলাপী পরিমাণ = ২২,৭৬,০৭৪/-<br>৫। ক্রমপুঞ্জিত যুব ঋণ কিস্তি খেলাপী = ১,১৩,৯৩৮/-<br>৬। ক্রমপুঞ্জিত যুব ঋণের আদায় হার ৭১%<br>৭। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীদের সংখ্যা= ৩৬৩০ জন<br>৮। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীদের সংখ্যা = ৪৬৮ জন<br>আগামী ০১/১১/২০২৩ খ্রিঃ তারিখে জাতীয় যুব দিবস উদযাপিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে যুব ঋণের চেক বিতরণ এবং সনদপত্র বিতরন করা হবে। এছাড়া "কৃষি ও হর্টিকালচার" বিষয়ে প্রশিক্ষনের জন্য ২ জনকে রাঙ্গামাটি জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা। |
| **১০। পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন।<br>১। উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা = ৪৫২৪ জন<br>২। উপজেলার মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা= ৩৭২৬ জন। সিএআর= ৮২.৩৬%<br>৩। নতুন দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা:-খাওয়ার বড়ি = ৮ জন, কনডম = ২ জন, ইনজেকশন = ৫৮জন।<br>৪। নতুন অস্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা:- ইমপ্ল্যান্ট= ৬ জন, আইইউডি = ১৩ জন<br>৫। মা ও শিশু স্বাস্থ্য সেবার কার্যক্রম:- প্রাতিষ্ঠানিক প্রসব- ১০ জন, সাধারন রোগী পরিচর্য্যা = ২৬৯ জন , শিশু সেবা - ৮১ জন, প্রসবোত্তর = ২ জন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুরাছড়ি। |
| **১১। খাদ্য বিভাগ :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। ২৩.১০.২০২৩ খ্রিঃ তারিখে চাল মজুদ ৫৪৩.১২০ মেঃটন। ভিডব্লিউবি খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুরাছড়ি ও ইউনিয়ন পরিষদ |

<table>
<tr>
<td>বান্ধব খাত আতপ চাল বিলি বিতরণ। অবশিষ্ট খাতে সিদ্ধ চাল বিলি বিতরণ করার জন্য মৌখিক ভাবে নির্দেশনা রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td></td>
<td>চেয়ারম্যান (সকল)।</td>
</tr>
<tr>
<td>১২। পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাদের বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আগামীতে সভায় নিয়মিত উপস্থিত থাকবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুরাছড়ি।</td>
</tr>
<tr>
<td>১৩। (পল্লী সঞ্চয় ব্যাংক): পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত তথ্য:-<br>
১। ঋণ বিতরণ:- লক্ষা টাকায়
<table>
<tr><th>এ মাসে বিতরণ</th><th>গত মাসে বিতরণ</th><th>ক্রমপুঞ্জিত বিতরণ (২০২৩-২০২৪) অর্থবছর</th></tr>
<tr><td>৩১.৭৬</td><td>৩২.১৫</td><td>৯৭.৬৩</td></tr>
</table>
২। ঋণ আদায়:- লক্ষ টাকায়
<table>
<tr><th>এ মাসে জমা</th><th>গত মাসে জমা</th><th>ক্রমপুঞ্জিত আদায় (২০২৩-২০২৪) অর্থবছর</th></tr>
<tr><td>৩৮.২৯</td><td>৩২.৩০</td><td>১০৭.৫২</td></tr>
</table>
ক) ঋণ আদায়ের হার ৮১% এবং খেলাপীয় হার ২৮%</td>
<td>উপজেলা শাখা ব্যবস্থাপক বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ও ইউপি চেয়ারম্যানগণ (সকল)।</td>
</tr>
<tr>
<td>১৪। সমাজ সেবা বিভাগ : উপজেলা সমাজ সেবা বিভাগের প্রতিনিধি সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেনঃ<br>
(ক) পল্লী সমাজসেবা কার্যক্রম সুদমুক্ত ঋণ: সর্বমোট আদায় = ৩৬,৩০০/- টাকা,<br>
(খ) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম ঃ সর্বমোট আদায় = ২৬,৪০০/-<br>
(গ) রাজস্ব, বিশেষ বরাদ্দ পর্ব- ৬ পুন: বি: সর্বমোট আদায় = ২২,০০০/-<br>
(ঘ) বিশেষ আর্থসামাজিক কার্যক্রম = ০<br>
(ঙ) দদ্ধ ও শারীরিক প্রতিবন্ধী কার্যক্রম = ০
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>উপকারভোগীর সংখ্যা</th><th>আর্থিক সহায়তা</th></tr>
<tr><td>১</td><td>দু:স্থ, গরীব, অসহায়, রোগীদের ঔষুধ পথ্য, যাতায়াত, পরীক্ষা-নিরীক্ষা আর্থিক সহায়তা</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>২</td><td>মৃতসৎকার</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>৩</td><td>ক্যান্সার, কিডনী, লিভার, সিরোসিস, স্টোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগে এককালিন আর্থিক সহায়তা</td><td>০</td><td>০</td></tr>
</table>
৪। বয়স্কভাতা = ১৩৮৪ জন।<br>
৫। বিধবা স্বামী নিগৃহিতা মহিলা ভাতা = ১২১১ জন।<br>
৬। প্রতিবন্ধীভাতা = ৫৯৩ জন।<br>
৭। প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ২৪ জন।<br>
৮। প্রতিবন্ধী শনাক্ত করণ জরিপ কাজ অব্যাহত আছে।<br>
৯। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্টোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগ, থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীর আবেদন অব্যহত আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ জুরাছড়ি শাখা ও উপজেলা সমাজ সেবাকর্মকর্তা, জুরাছড়ি।</td>
</tr>
<tr>
<td>১৫। মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তার সভায় সভায় তাদের কার্যক্রম তুলে ধরেন। পার্বত্য চট্রগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্প হতে ৪(চার) লক্ষ টাকা দরিদ্র জেলেদের জন্য বরাদ্দ পাওয়া গেছে এবং ২০ জন মৎস্যচাষীকে প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়া রাজস্ব খাতের আওতায় ৮০ জন মৎস্যচাষীদের প্রশিক্ষনের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা, জুরাছড়ি।</td>
</tr>
<tr>
<td>১৬। মহিলা বিষয়ক কর্মকর্তা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত খাদ্য শস্যের ডিও প্রদান করা হয়েছে। ইতিমধ্যে জুলাই/২০২৩ হতে আগষ্ট/২০২৩ খ্রি: মাসের খাদ্যশস্য প্রদান করা হয়েছে। পুষ্টিচাল সরবরাহকারী প্রতিষ্ঠানে হয়নি। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় নতুন উপকারভোগী অর্ন্তভূক্ত করার নির্দেশনা পাওয়া যায়। এরই আলোকে জুলাই/২০২৩ মাস হতে প্রতি ইউনিয়নে প্রতি মাসে ৬ জন অর্ন্তভূক্ত করার প্রক্রিয়া চলমান রয়েছে। ৪টি ইউনিয়নে ৪টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জুরাছড়ি।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| স্বাভাবিক ভাবে চলছে। | | |
| **১৭। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। জুরাছড়ি উপজেলায় মাঠ পর্যায়ে কোন জরিপ/শুমারী কার্যক্রম চলমান নাই। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা পরিসংখ্যান কর্মকতা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জুরাছড়ি। |
| **১৮। সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তার সভায় তাদের বিভাগের কার্যক্রম সম্পর্কে তুলে ধরেন। আগামী ০৪/১১/২০২৩ খ্রি: তারিখে জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, জুরাছড়ি। |
| **১৯। নির্বাচন অফিস :** উপজেলা নির্বাচন কর্মকর্তার সভায় উপস্থিত না থাকায় তাদের বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা আগামীতে সভায় নিয়মিত উপস্থিত থাকবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, জুরাছড়ি। |
| **২০। আনসার ও ভিডিপি বিভাগ :** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। অত্র বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন অসুবিধা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুরাছড়ি। |
| **২১। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড :** উপজেলা প্রকল্প ব্যবস্থাপক সভায় উপস্থিত না থাকায় তাদের বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা হলো না। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক বিভাগীয় কার্যকম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, জুরাছড়ি। |
| **২২। বনবিভাগ :** সুবলং রেঞ্জ অফিসার জুরাছড়ি, পার্বত্য চট্টগ্রাম দক্ষিন বনবিভাগ, রাঙ্গামাটি সভায় জানান যে, জুরাছড়ি উপজেলা পরিষদের নির্মাণাধীন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও আনসার সদস্যদের ব্যারেক এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মাণাধীণ অফিসার ক্লাব কাম রেস্টহাউস নির্মাণের স্থানে গাছগুলি আগামরা ও ঝুকিপূর্ণ ভাবে খাড়া অবস্থায় দন্ডমান থাকাতে যেকোন সময় অঘটন ঘটানোর সম্ভাবনা থাকায় বিধি মোতাবেক নিলাম দেওয়ার অনুমতি পাওয়া যায়। বিধি মোতাবেক দ্রুত সময়ে নিলাম কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদের সীমানার চতুরপার্শ্বে বিভিন্ন মরা গাছ কর্তন ও অপসারনের মাধ্যমে নিলাম প্রধানের জন্য জেলা পরিবেশ ও বন কমিটি কর্তৃক অনুমোদন হওয়ায় তাহা কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কমিটি, জুরাছড়ি। |
| **২৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ :** উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সভায় তাদের বিভাগের কার্যক্রম তুলে ধরেন। ষষ্ঠ পর্যায়ে প্রকল্প প্রস্তাবনা পাঠানো হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেলে বিধিমোতাবেক টেন্ডার আহবান করা হবে। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রদান ও ইউডিএফ উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, জুরাছড়ি। |

১। জনাব প্রভাতী চাকমা, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর সভায় উপজেলা পরিষদের ২৫.০৯.২০২৩ খ্রিঃ হতে ২৩.১০.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ব্যয়কৃত বিল সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্রমিক | বিবরণ | টাকা |
|---|---|---|
| ১ | জনাব মিতালী চাকমা, সুইপার কাম মালি এর অক্টোবর/ ২০২৩ মাসের বেতন বাবদ | ১১,০০০/- |

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে সাট মুদ্রাক্ষরিক জনাব প্রভাতী চাকমা কর্তৃক দাখিলকৃত বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এ ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হয়।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সকল বিভাগীয় প্রধানগণ ও সকল শ্রেণী জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের মধ্যে পরস্পর সহযোগীতামূলক মনোভাব নিয়ে একযোগে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুরেশ কুমার চাকমা)
চেয়ারম্যান
জুরাছড়ি উপজেলা পরিষদ ও
সভাপতি
উপজেলা পরিষদ সমন্বয় কমিটি।
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
মোবাইল - ০১৫৫২৩০৭৬৬০
ইমেইল- uzpjuraichari@gmail.com

৬

স্মারক নং- জুঃউঃপঃ/জুরা/রাঙ্গা/২০২৩- ৩০৭ তারিখঃ ২৩.১০.২০২৩ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৯ পার্বত্য রাঙ্গামাটি।

২। মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৪। প্রধান প্রকৌশলী, এলজিইডি, শেরে বাংলানগর, ঢাকা।

৬। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।

৭। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৮। চেয়ারম্যান, জুরাছড়ি উপজেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৯। সিভিল সার্জন/উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/নিবার্হী প্রকৌশলী, এলজিইডি/নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা/উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর/ উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/ জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা/উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা/জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপ-পরিচালক, বিআরডিবি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১০। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, জুরাছড়ি উপজেলা পরিষদ, রাঙ্গামাটি।

১১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

১২। উপজেলা.................................................................কর্মকর্তা, জুরাছড়ি।

১৩। চেয়ারম্যান................................................ (সকল) ইউনিয়ন পরিষদ, জুরাছড়ি।

১৪। জনাব...................................................... জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২৩/১০/২০২৩

(মোহাম্মদ রহমত উল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
মোবাইল- ০১৫৫৭৬৭৬২১৪
ইমেইল- unojuraichari@mopa.gov.bd